



নিয়োগপত্র

নথি নম্বর-৮০.০০.০০০০.৪০২.১১.০০১.২৬(অংশ)-৫৭৩

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের বিভাগীয় নিয়োগ প্রদান কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে রাজস্ব খাতভুক্ত ‘সীট-মুদ্রাকরিক কাম কম্পিউটার অপারেটর’ পদে জাতীয় বেতনস্কেল, ২০২৬ এর টা: ২৩,৫০০-৫৬,৮০০/- (গ্রেড-১৪) বেতনক্রমে, নিম্নবর্ণিত প্রার্থীগণকে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	রোল	নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা
১.	13000483	মিজ সাখী বাউড় পিতা: খোকন বাউড় মাতা: সুসমা বাউড়	গ্রাম: নৈয়ারবাড়ী ডাকঘর: নৈয়ারবাড়ী উপজেলা: কোটালীপাড়া জেলা: গোপালগঞ্জ
২.	13001880	জনাব মোঃ মোরশেদ আলম পিতা: মোঃ খোরশেদ আলম মাতা: রেবেকা বেগম	গ্রাম: সকদি রামপুর ডাকঘর: চান্দা উপজেলা: ফরিদগঞ্জ জেলা: চাঁদপুর
৩.	13001102	জনাব মোছাঃ ইসরাত জাহান হ্যাপী পিতা: মোঃ জয়নাল আবেদীন মাতা: লাকী বেগম	গ্রাম: খোর্দ বিছনদই ডাকঘর: ভোটমারী উপজেলা: হাতীবান্ধা জেলা: লালমনিরহাট

০২। শর্তাবলি:

- যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;
- চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ, অনাপত্তিপত্র, মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাজনার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;
- চাকরিতে যোগদানের পরে দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি যে কোনো সময় অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে;
- নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় যে কোনো সরকারি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান থেকে স্বাস্থ্য পরীক্ষা ও ডোপ টেস্ট সম্পন্ন করে সিভিল সার্জন/প্রযোজ্য ক্ষেত্রে ন্যূনতম মেডিকেল অফিসার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপ টেস্টের রিপোর্ট/সনদ যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;
- যোগদানের সময় সংশ্লিষ্ট পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করে দাখিল করতে হবে। চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে বা পুলিশ প্রতিবেদনে বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং দিবেন না";
- The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

ক্রমশ/২

- জ. নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে তার কাজকর্ম ও আচরণ সন্তোষজনক প্রতীয়মান না হলে তার শিক্ষানবিশকালের মেয়াদ বর্ধিত করা হতে পারে। শিক্ষানবিশকালে বা বর্ধিত শিক্ষানবিশকালে কর্তৃপক্ষ যদি মনে করে যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবে। শিক্ষানবিশকালের যে কোনো সময়ে আইনবিরোধী কোনো কাজ করলে বা আইনবিরোধী কোনো কাজে সহায়তা করলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে চাকরি হতে অপসারণ করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে; [‘বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০০৮’-এর বিধি-৬ অনুযায়ী শিক্ষানবিশকালের অবসান হবে]
- ঝ. শিক্ষানবিশ থাকাকালীন চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ হতে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ৩০ (ত্রিশ) দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিতে হবে;
- ঞ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ট. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ঞ. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ট. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০৫/১১/২০২৬ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর উপস্থিত হয়ে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-
মোঃ ওয়াশীমুল বারী
উপসচিব (প্রশাসন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি
ফোন: ৫৫০০৬৬৩৬
ই-মেইল: dsadmin@bpsc.gov.bd

নথি নম্বর-৮০.০০.০০০০.৪০২.১১.০০১.২৬(অংশ)-৫৭৩

তারিখ : ২৯ আশ্বিন ১৪৩৩
১৪ অক্টোবর ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪. সিভিল সার্জন, ...
০৫. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (তাকে সংযুক্ত নিয়োগপত্রটি আবশ্যিকভাবে পিএসসি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬. চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় চেয়ারম্যানের সদয় অবগতির জন্য)।
০৭. সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (নতুন নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০.
১১. ব্যক্তিগত নথি।

০৪/১০/২০২৬
মোঃ ওয়াশীমুল বারী
উপসচিব (প্রশাসন)